

রাণীনগর উপজেলার বাল্যবিবাহ প্রতিরোধ ও যৌতুক প্রতিরোধ কমিটির সেপ্টেম্বর/২০২৩ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ মোহাম্মদ হাফিজুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত)
রাণীনগর, নওগাঁ।

সভার স্থানঃ উপজেলা পরিসদ সভাকক্ষ
রাণীনগর, নওগাঁ।

সভার তারিখঃ ২৫/০৯/২০২৩ খ্রিঃ

সময়ঃ বেলা ১১.০০ টা

সভার শুরুতে সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	বাল্য বিবাহ প্রতিরোধঃ সভায় উপস্থিত সদস্য সচিব জানান যে, বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭ এর ৪ ও ৫ ধারা অনুযায়ী বাল্যবিবাহ বন্ধ ও শাস্তির বিষয়ে প্রতিমাসে ৮টি ইউনিয়নে উঠান বৈঠক করে এবং বিভিন্ন সভা, মিটিং ও প্রশিক্ষণে (দুঃস্থ মহিলা ও কিশোরীদের মাঝে) সচেনতা বৃদ্ধি করা হচ্ছে। বাল্যবিবাহের কুফল ও আইনি পদক্ষেপ সম্পর্কে জনগণকে অবহিত করা হচ্ছে। অসহায় দরিদ্র ও বাল্যবিবাহের শিকার হতে পারে এমন মেয়ে শিশুদের সংবাদ পাওয়া মাত্রই প্রশাসনের সহযোগিতায় স্বশরীরে উপস্থিত হয়ে বাল্যবন্ধ করা হয় ও আইনি সহায়তা করা হয়।	বাল্যবিবাহ রোধে প্রতিমাসে নিয়মিতভাবে অভিভাবক, মসজিদের ইমাম, কাজি, পুরোহিত ও গণ্যমান্য ব্যক্তিদের নিয়ে সচেতনতামূলক সভা করতে হবে। কোথাও বাল্য বিবাহের আয়োজন হলে সভাপতি মহোদয় অফিসার ইনচার্জ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সহকারি কমিশনার(ভূমি)কে জানানোর জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। ১০৯,৩৩৩,৯৯৯ হেল্প লাইনে মুঠোফোনের মাধ্যমেও জানানো যাবে।	ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), অফিসার ইনচার্জ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সহকারি কমিশনার(ভূমি)
২.	ইভটিজিং প্রতিরোধঃ ইভটিজিং প্রতিরোধে কিশোর-কিশোরী ক্লাবের সদস্যদের সক্রিয় ভূমিকা পালনের জন্য প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।	কিশোর-কিশোরীদের সামাজিকীকরণ প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
৩.	যৌতুক প্রতিরোধ যৌতুক একটি সামাজিক ব্যাধি। যৌতুক নিরোধ আইন, ১৯৮০ অনুযায়ী যৌতুক আদান-প্রদান বন্ধ ও শাস্তির বিষয়ে উঠান বৈঠকের মাধ্যমে জনগণের মধ্যে সচেতনতা তৈরী করা হয়। যৌতুকের কারনে নারী নির্যাতন বৃদ্ধি পাচ্ছে, সে জন্য সকলকে সমন্বিতভাবে কাজ করার অনুরোধ করা হয়।	বাল্যবিবাহ রোধে প্রতিমাসে নিয়মিতভাবে অভিভাবক, মসজিদের ইমাম, কাজি, পুরোহিত ও গণ্যমান্য ব্যক্তিদের নিয়ে সচেতনতামূলক সভা করতে হবে।	ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), অফিসার ইনচার্জ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোহাম্মদ হাফিজুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত)
রাণীনগর, নওগাঁ।

“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
রাণীনগর, নওগাঁ।
dwa.raninagar.naogaon.gov.bd

স্মারক নং-৩২.০১.৬৪৮৫.০০১.০২.০০০.২৩-২২২

তারিখঃ ১৫/০৯/২০২৩খ্রিঃ
১০ আশ্বিন, ১৪৩০

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাণীনগর২
২. মহিলা ভাইস চেয়ারম্যান
৩. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নওগাঁ
৪. উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, রাণীনগর থানা
৬. উপজেলা সমাজসেবা অফিসার
৭. উপজেলা শিক্ষা অফিসার
৮. উপজেলা যুব উন্নয়ন অফিসার
৯. স্থানীয় প্রেসক্লাবের প্রতিনিধি
১০. শিক্ষক সমিতির সভাপতি (মাধ্যমিক)
১১. শিক্ষক সমিতির সভাপতি (প্রাথমিক)
১২. এনজিও প্রতিনিধি (মহিলা)

২৫.০৯.২৩
(শাহিনা আকতার)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
রাণীনগর, নওগাঁ।

ফোনঃ ০২৫৮৮৮৮৫৬৫৫

email-uwaoraninagar@gmail.com

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

ক্রঃনং		পদবী
১.	উপজেলা নির্বাহী অফিসার	সভাপতি
২.	মহিলা ভাইস চেয়ারম্যান	সদস্য
৩.	উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার	সদস্য
৪.	ভারপ্রাপ্ত কর্মকর্তা, রাণীনগর থানা	সদস্য
৫.	উপজেলা সমাজসেবা অফিসার	সদস্য
৬.	উপজেলা শিক্ষা অফিসার	সদস্য
৭.	উপজেলা যুব উন্নয়ন অফিসার	সদস্য
৮.	স্থানীয় প্রেসক্লাবের প্রতিনিধি	সদস্য
৯.	শিক্ষক সমিতির সভাপতি(মাধ্যমিক)	সদস্য
১০.	শিক্ষক সমিতির সভাপতি(প্রাথমিক)	সদস্য
১১.	এনজিও প্রতিনিধি(মহিলা)	সদস্য
১২.	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য সচিব